গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
www.debendracollege.gov.bd

নং-সদেক/২০২৬/হিসাব/এন-১/ ৩০২ তারিখ: ২২/০৭/২০২৬ খ্রি.

# ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষে ১ম রিলিজ স্লিপের মেধা তালিকায় ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত পদ্ধতিতে আগামী ২৩/০৭/২০২৬ তারিখ থেকে ৩০/০৭/২০২৬ তারিখ পর্যন্ত অনলাইনে সম্পন্ন হবে।

**স্নাতক (সম্মান) ১ম বর্ষে ভর্তি ফিসের মোট টাকার পরিমাণ (সেমিনার ফি ব্যতিত)**

| বি.এ/বি.এস.এস/বি.বি.এ (সম্মান) | বি.এসসি (সম্মান) |
|---|---|
| মোট টাকা = ৪০৮৫/- | মোট টাকা = ৪১৮৫/- |

সেমিনার ফি: বি.এ/বি.এস.এস/বি.বি.এ (সম্মান) শিক্ষার্থীদের ৪৫০/-x৪=১৮০০/-(এক হাজার আটশত) ও বি. এসসি (সম্মান) শিক্ষার্থীদের ৬০০/-x৪=২৪০০/-(দুই হাজার চারশত) টাকাসহ অন্যান্য বিভাগীয় ফি রশিদের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**অনলাইনে ভর্তি ফরম পুরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:**

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) থেকে ভর্তি ফরম পূরণ পূর্বক ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

০২। সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট http://debendracollege.eshiksabd.com/ এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।

০৩। Sign In করা পেইজে Admission বাটন ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।

**০৪। Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :**
Select Department (যে বিভাগে চান্সপ্রাপ্ত) Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll) ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।

০৫। ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে। (ছবির সাইজ হবে সর্বোচ্চ 999 kb)। শিক্ষার্থীরা শুধু এসএসসি এবং এইচএসসি পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য সরবরাহ করবে।

০৬। সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটন এ ক্লিক করলে পূরণকৃত ভর্তি ফরমে ভর্তি ফিসহ সকল তথ্য চলে আসবে।

০৭। অত:পর রকেট/উপায়/বিকাশ/নগদের মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করলে ক্লাশ রোল নম্বরসহ একটি SMS শিক্ষার্থীর মোবাইলে চলে আসবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে। SMS-এ শিক্ষার্থীর রোল নম্বরসহ বিভাগ উল্লেখ থাকবে। ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিয়ে মোবাইলের SMS-এ আসা রোল নম্বরটি ফরমের যথাস্থানে লিখবে।

**মোবাইলের মাধ্যমে রকেট/উপায়/বিকাশ/নগদে ভর্তি ফি জমাদানের পদ্ধতি:**

রকেট/উপায়/বিকাশ/নগদ অ্যাপ এ গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অত:পর এখানে Govt Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীর জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll নম্বর দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার অংক দেখে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর ব্যবহার করে ফিস প্রদান করা যাবে।

**ভর্তি ফরম পূরণ ও ভর্তি ফিস প্রদানের পর শিক্ষার্থীদের করণীয়:**

০১। পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০১ কপি ও দেবেন্দ্র কলেজে ভর্তির পূরণকৃত ফরম ০১ কপি) সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত) নিম্নোক্ত কাগজপত্রসহ জমা দিতে হবে।

(ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক /সমমান পরীক্ষার মূল নম্বরপত্রসহ প্রতিটির ফটোকপি ০১টি করে।
(খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক /সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ০১টি করে।
(গ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক /সমমান পরীক্ষার প্রশংসাপত্রের ফটোকপি ০১টি করে।
(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙ্গীন ছবি।
(ঙ) প্রাথমিক আবেদন ফরমের প্রবেশ পত্রের ফটোকপি ০১টি।
(চ) রকেট/বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, ক্লাশ রোল নম্বর, বিভাগ, ও মোবাইল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি শিক্ষার্থী সংরক্ষণ করবে)।

প্রতিস্বাক্ষর
22.07.2৬
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।

২২/০৭/২৬
আহবায়ক
২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কমিটি
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।